**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**8 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

ধলাই সহ রাজ্যের পাচটি বিধানসভা আসনে আগামী ১৩ই নভেম্বর অনুষ্ঠেয় উপনির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল প্রচার অভিযান জোরদার করে তুলেছে । মুখ্যমন্ত্রী তথা বিজেপির প্রবীন নেতা হিমন্ত বিশ্ব শর্মা গতকাল সামাগুড়ি ও বিহালী আসনের দলীয় প্রার্থী দুজনের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নেন । মুখ্যমন্ত্রী সামাগুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠ , বিহালী স্নাতক মহাবিদ্যালয়ের খেলার মাঠ ও মহাবীর বিদ্যালয় খেলার মাঠে অনুষ্ঠিত নির্বাচনী সভায় উন্নয়নের স্বার্থে দলীয় প্রার্থী দুজনকে সমর্থন করতে আহ্বান জানান ।

আসাম প্রদেশ কংগ্রেস সভাপতি ভুপেন বরা সিদলী বিধানসভা আসনে দলীয় প্রার্থীর হয়ে বেশ কয়েকটি নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন ।

এদিকে ধলাই বিধানসভা আসনে ক্ষমতাসীন বিজেপি সহ অন্যান্য রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীরা নিজ নিজ প্রার্থীর হয়ে প্রচার অভিযান চালিয়ে যাচ্ছেন ।

কাছাড় জেলার অভিভাবক মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া দলীয় প্রার্থীর হয়ে আজ ও প্রচার অভিযানে অংশ নিয়েছেন ।অন্যদিকে বিরোধী কংগ্রেস সহ

অন্যান্য দলের শীর্ষ নেতারা সহ দলীয় সদস্যরা প্রচার অভিযান জোরদার করে তুলেছেন ।

---

ধলাই বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য এস ইউ সি আই (সি) দলের মনোনীত প্রার্থী গৌর চন্দ্র দাসের সমর্থনে গতকাল ধোয়ারবন্দ বাজার , ধলাই বাজার , মনিয়ারখাল বাজার ও লায়লাপুর বাজারে পথসভার আয়োজন করে নির্বাচনী প্রচার চালানো হয় ।

---

সূর্য দেবতাকে ধর্মীয় রীতি-নীতি অনুসারে আরাধনা করে কল্যাণ কামনায় সম্পন্ন করা ছট পূজার  চতুর্থ তথা শেষ দিনে আজ সকালে উদিত সূর্যের উপাসনার মাধ্যমে চারদিনব্যাপী এই সমাপ্তি হয়েছে ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ ছট পূজা উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি এক বার্তায় বলেন যে ছট পূজা দেশের প্রাচীন উৎসবসমূহের মধ্যে অন্যতম এবং সূর্য দেবতার উপাসনার একটি উপলক্ষ । শ্রীমতি মুর্মূ এই উৎসব জনসাধারণের জীবনে আনন্দের বার্তা বয়ে নিয়ে আসবে  এবং এরফলে প্রকৃতির প্রতি শ্রদ্ধা বৃদ্ধি পাবে বলে আশা প্রকাশ করেন ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও দেশবাসীকে ছট উৎসবের  শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী মোদী বলেন যে ছট সন্ধ্যা অর্ঘ্য উৎসব সরলতা ,সংযম, সংকল্প এবং উৎসর্গের প্রতীক । এই উৎসব সবার জীবনে সুখ ,সমৃদ্ধি ও সৌভাগ্যের বার্তা বয়ে নিয়ে আসুক বলে প্রধানমন্ত্রী কামনা করেন ।
মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মাও ছট পূজা উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।মূখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় এই শুভক্ষণে ছট মাতা

এবং সূর্যদেব নিজের আশীর্বাদে সবার জীবন ধন্য করবে বলে আশা প্রকাশ করেন । সেইসঙ্গে তিনি সবার সুখ ,শান্তি এবং সমৃদ্ধির কামনা করেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ ছট পূজার চতুর্থ তথা শেষ দিনে ভক্তরা উদিত সূর্যের উপাসনা করেছেন । এ উপলক্ষ্যে আজ বরাক নদীর তীর সহ উপত্যকার বিভিন্ন নদীর তীরে সাজানো অস্থায়ী ঘাটগুলিতে অগণিত ভক্ত সমাগম হয়েছে ।

বরাক উপত্যকার চা বাগান অঞ্চল সহ তিন জেলার হিন্দিভাষাভাষী জনসাধারণের মধ্যে ছট পূজাকে কেন্দ্র করে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়েছে ।কাছাড় জেলার স্টিমারঘাট , অন্নপূর্ণা ঘাট সহ সুন্দর করে সাজানো অন্যান্য অস্থায়ী ঘাটগুলিতে আজ সকালে ভক্তরা উদিত সূর্যের উপাসনা করেন । করিমগঞ্জ জেলার বদরপুর ছট পূজা সংগঠনের উদ্যোগে উৎসাহ উদ্দীপনার সঙ্গে ছট পূজা উদযাপন করছে । পূজা উপলক্ষ্যে নদীর পারে যাতে ভক্তদের পূজা সম্পন্ন করতে কোনোধরণের অসুবিধার সম্মুখিন না হতে হয় তেমনভাবে সাজানো হয়েছে । এদিকে ছটপূজা উপলক্ষ্যে প্রশাসন পর্যাপ্ত ব্যাবস্থা গ্রহণ করেছে ।

হাইলাকান্দি জেলায়ও ছটপূজাকে কেন্দ্র করে আনন্দের পরিবেশ বিরাজ করছে । জেলার বিভিন্ন নদী ঘাটসমূহে সূর্য্য দেবতাকে অর্ঘ্য প্রদানের মাধ্যমে ছটপূজা অনুষ্ঠিত হয়েছে ।হাইলাকান্দি শহরের স্টেশন রোড এবং রেল গেট ভৈরব বাড়ীর পাশে উৎসবমূখর পরিবেশে ছটপূজা অনুষ্ঠিত হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার দক্ষিণ করিমগঞ্জ সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পের অধীন ৪৪ টি অঙ্গনওয়ারী কেন্দ্রের ১০ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী কর্মী এবং ৩৪ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী সহায়িকা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে ।

এতে করিমগঞ্জ জেলার দক্ষিণ করিমগঞ্জ সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পের শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক এক বিজ্ঞপতিতে জানিয়েছেন যে মহিলা প্রার্থী যারা অঙ্গনওয়ারী কর্মী ও সহায়িকা হিসেবে স্বেচ্ছায় সেবা দান করতে ইচ্ছুক তারা প্রয়োজনীয় নথিপত্র ও দুই কপি পাসপোর্ট সাইজ ফটো সহ নির্ধারিত প্রপত্রে দরখাস্ত জমা দিতে পারবেন । দরখাস্ত আগামী ২০ শে নভেম্বর পর্যন্ত সব কর্ম দিবসে সকাল ১১ টা থেকে বিকেল তিনটার মধ্যে দক্ষিণ করিমগঞ্জ আইসিডিএস প্রকল্পের আধিকারিকের কার্যালয়ে জমা দিতে হবে । বিস্তারিত বিবরণ দক্ষিণ করিমগঞ্জ আইসিডিএস প্রকল্পের আধিকারিকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

---

লায়ন্স ক্লাব অফ লালার উদ্যোগে গতকাল প্রয়াত সমাজসেবী নিরোদ চন্দ্র নাথের স্মৃতিতে লালা ফুটবল একাডেমীকে জার্সি প্রদান করা হয়েছে । লায়ন্স ক্লাব অফ লালার সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত এক অনুষ্ঠানে লালা ফুটবল একাডেমীর কর্মকর্তাদের হাতে এই জার্সি তুলে দেওয়া হয় ।

---